গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

**পঞ্চগড় সদর উপজেলা পরিষদের মে, ২০২৫ মাসের সাধারণ সভার (উপজেলা উন্নয়ন সমন্বয় সভা) কার্যবিবরণী ঃ**

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়
তারিখ ঃ ১৫/০৫/২০২৫ খ্রিঃ ; সময় ঃ বেলা- ১১.০০ টা

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "ক")-তে দেখানো হলো ঃ**

প্রশাসক, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে পবিত্র কোরআন তিলাওয়াত করা হয়। এরপর গত মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকৃত হয়। তদ্‌পর নিম্নোক্ত বিষয়ের ওপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল ঃ** সহকারী প্রোগ্রামার এপ্রিল/২০২৫ মাসের ওয়েব পোর্টালের রিপোর্ট তুলে ধরেন। উক্ত রিপোর্টে ১৫টি দপ্তরের ১০০% তথ্য রয়েছে। তিনি বাকী দপ্তরগুলোর ১০০% তথ্য আপলোড করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। এছাড়া দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ বদলী হলে তাৎক্ষণিক তথ্য হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | পঞ্চগড় সদর উপজেলার সকল ইউনিয়ন এবং সকল দপ্তরের ওয়েব পোর্টালের ১০০% তথ্য আপলোড করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং দপ্তর প্রধানগণ-কে অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর প্রধান ও সকল ইউপি চেয়ারম্যান। |
| ০২ | **নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ ঃ** উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকলকে পুনঃ অনুরোধ জানান। কেউ যেন পন্য মজুদ রেখে মূল্য বৃদ্ধি করে বিক্রি না করে সেদিকে নজর রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপণনের সকল স্তরে নিরাপত্তা নিশ্চিতকরণ বিষয়ে জনসচেতনতা ও ব্যাপক প্রচারণার জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ ও সকল ইউপি চেয়ারম্যান |
| | **বিভাগীয় আলোচনা** | | |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। এবারে তিনি হজ্জে যাবেন সবার কাছে দোয়া কামনা করেন। অতপর তিনি নিম্নোক্ত এপ্রিল, ২০২৫ মাসের প্রতিবেদন তুলে ধরেন।<br>০১। **সম্প্রসারিত টিকাদান কর্মসূচিঃ** ইপিআই পারফরমেন্স, বিসিজি- ৫৩৮ জন, পেন্টাভেলেন্ট ১ম ডোজ- ৫৭৭ জন, পেন্টাভেলেন্ট ২য় ডোজ- ৫৪৪ জন, পেন্টাভেলেন্ট ৩য় ডোজ- ৫১০ জন, এমআর ১ম ডোজ- ৪৩৮ জন এবং এমআর ২য় ডোজ- ৫৮৪ জন, এইচপিভি- ১২৪৫৫ জন ৯৯.৮%।<br>০২। **ডায়রিয়া ঃ** ১৩ জন ডায়রিয়া রোগী পাওয়া যায়। ডায়রিয়ায় কোন মৃত্যু নেই।<br>০৩। **নিউমোনিয়া ঃ** শিশুদের সর্দি কাশি হচ্ছে তবে নিউমোনিয়ায় কোন শিশুর মৃত্যু নাই। স্বাস্থ্য কর্মী মাঠ পর্যায়ে এ,আর,আই ব্যাপারে সব সময় স্বাস্থ্য শিক্ষা প্রদান করে।<br>০৪। **স্বাস্থ্য সেবা ঃ** টিকাদান কেন্দ্রে স্বাস্থ্য শিক্ষার কাজ চলমান রয়েছে।<br>০৫। **যক্ষা ঃ** পুরুষ- ২১ জন এবং মহিলা- ২৮, সর্বমোট- ৪৯ জন রোগী।<br>০৬। **কুষ্ঠ ঃ** পুরুষ- ০০ জন, মহিলা- ০০ সর্বমোট= ০০ জন রোগী।<br>০৭। **কমিউনিটি ক্লিনিক ঃ** ২৫টি কমিউনিটি ক্লিনিকে পুরুষ- ৩,১০০ জন এবং মহিলা- ৭,০২৭ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। সিসিতে নরমাল ডেলিভারী- ১০টি।<br>০৮। **স্বাস্থ্য শিক্ষাঃ** বিদ্যালয়ের স্বাস্থ্য শিক্ষা চলমান রয়েছে।<br>০৯। **ভেজাল খাদ্য প্রতিরোধঃ** খাদ্য স্থাপনা পরিদর্শন করা হয়েছে মোট- ১৯২ টি। খাদ্য নমুনা পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে ০২টি। ভ্রাম্যমান অভিযান পরিচালিত হয়েছে মোট- ৮টি। জরিমানাকৃত টাকার পরিমান- ৪০,২০০/- টাকা। নিয়মিত হাট-বাজার পরিদর্শনসহ হোটেল রেস্তোরায় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে এবং হোটেল রেস্তোরার কর্মচারীদের স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও খাদ্য লবণে আয়োডিন পরীক্ষা করা হয়।<br>১০। **গর্ভবতী মায়ের সেবাঃ** এএনসি সেবা- ৮২ জন। পিএনসি সেবা- ৩৯ জন।<br>১১। **সাব-সেন্টার ঃ** ০৩টি সাব-সেন্টারে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। পুরুষ- ১,১৩০ জন এবং মহিলা- ২,১৮১ জন।<br>১২। **করোনা রোগীর তথ্য ঃ** নমুনা পরীক্ষা হয়েছে- ০০ জন, পজিটিভ রোগী- ০০ জন, হোমআইসোলেশন- ০০ জন, হাসপাতাল ভর্তি-০০ জন, পজিটিভ থেকে নেগেটিভ- ০০ জন, ছাড়পত্র প্রদান কজরা হয়-০০ জন, মৃত্যু-নাই।<br>তিনি আরো জানান যে, নতুন ২টি ভাইরাসের আক্রমন হয়েছে। তিনি সবাইকে সতর্ক থাকার অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার |
| ০৪ | **উপজেলা কৃষি অফিস ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের নিম্নোক্ত মে/২০২৫ মাসের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন।<br>০১। ইউরিয়া ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ১৯২ মে.টন।<br>০২। টিএসপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৪২ মে.টন।<br>০৩। ডিএপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৪০ মে.টন। | উপজেলা কৃষি অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদন এবং এসএএওগণের কর্মকান্ড নিয়মিত মনিটরিং করার জন্য | উপজেলা কৃষি অফিসার |

<table>
<tr><td></td><td>০৪। এমওপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ১২০ মে.টন।<br>অত্র উপজেলায় সারের কোন সংকট নাই।<br>তিনি আরো জানান যে, খরিপ-১ মৌসুমে ১০০ জন চাষীর মাঝে গ্রীষ্মকালীন প্রণোদনার পেঁয়াজ বীজ বিতরণ করা হবে।</td><td>অনুরোধ জানানো হয়।</td><td></td></tr>
<tr><td>০৫</td><td><u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, গবাদি প্রাণির টিকা প্রদান- ৪,৭৬৮ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান- ৫৭,০০০ মাত্রা, কৃত্রিম প্রজনন- ১,৭৬৮ মাত্রা এবং রাজস্ব আদায় হয়েছে- ১,৪৫,৬০০/- টাকা। অতঃপর তিনি জানান যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৫ উপলক্ষ্যে পঞ্চগড় সদর উপজেলার খামারীদের মাঝে গরু হৃষ্টপুষ্টকরণে বেশ তোড়জোড় দেখা যায়। অত্রাফিস খামারীদের স্টেরয়েড/হরমোন ব্যবহার না করার জন্য ০৮টি সচেতনতামূলক উঠান বৈঠক আয়োজন করা হয় এবং মানুষকে এ ব্যাপারে সচেতন করতে লিফলেট প্রচার করা হয়। এছাড়া পঞ্চগড় সদর উপজেলার পঞ্চগড় বাজার, চাকলাহাট, জগদল হাট, ঝলই বাজার ও হাড়িভাসা বাজারে ভেটেরিনারি টিম গঠন করা হয়েছে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা</td></tr>
<tr><td>০৬</td><td><u>উপজেলা মৎস্য বিভাগঃ</u> সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা</td></tr>
<tr><td>০৭</td><td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়াও পরিবার পরিকল্পনা অফিসার নিম্নরূপ এপ্রিল/২০২৫ মাসের প্রতিবেদন সভায় উপস্থাপন করেন ঃ<br>১। উপজেলার মোট জনসংখ্যা- ৩,৪৬,২৭৭ জন, ২। সক্ষম দম্পত্তির সংখ্যা- ৬৬,২২৩ জন<br>৩। পদ্ধতি গ্রহণকারী- ৫২,২১২ জন, ৪। পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.৮৪%<br>৫। চলতি মাসে গর্ভবতীর সংখ্যা- ১,৫১২ জন, ৬। মোট গর্ভবতীর সংখ্যা- ২,৮২৩ জন<br>৭। গর্ভকালীন সেবা- ১,৫৫২ জন, ৮। প্রসবোত্তর সেবা- ৪২৭ জন<br>৯। ডেলিভারী- ৩৭৩ জন, ১০। জীবিত জন্ম- ৩৭৩ জন<br>১১। চলতি মাসে নব দম্পত্তির সংখ্যা- ১১৫ জন, ১২। শিশু সেবা- ৪,৩৫৩ জন<br>১৩। সাধারণ রোগী সেবা- ৫৬৩ জন এবং ১৪। মৃত্যুর সংখ্যা- ৫১ জন।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td></td><td colspan="3">
<table>
<tr><th colspan="3">খাবার বড়ি</th><th colspan="3">কনডম</th><th colspan="3">ইনজেকশন</th><th colspan="3">স্থায়ী পদ্ধতি</th><th colspan="3">আইইউডি</th><th colspan="3">ইমপ্লান্ট</th></tr>
<tr><td>প্রঃ</td><td>অঃ</td><td>হার</td><td>প্রঃ</td><td>অঃ</td><td>হার</td><td>প্রঃ</td><td>অঃ</td><td>হার</td><td>প্রঃ</td><td>অঃ</td><td>হার</td><td>প্রঃ</td><td>অঃ</td><td>হার</td><td>প্রঃ</td><td>অঃ</td><td>হার</td></tr>
<tr><td>২১২৬</td><td>১৭</td><td>৭৯%</td><td>৩৭৭</td><td>৫১</td><td>১৩.৫২%</td><td>১০৩৩</td><td>৪০৩</td><td>৩৯%</td><td>১৭</td><td>২৪</td><td>১৪১%</td><td>২১</td><td>১</td><td>৪.৭৬%</td><td>৬২</td><td>৭৩</td><td>১১৭%</td></tr>
</table>
</td></tr>
<tr><td>০৮</td><td><u>উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, সামনে বর্ষা মৌসুম। বর্ষার আগেই এডিপি ও অন্যান্য প্রকল্পসমূহের কাজ সমাপ্ত করতে হবে। এজন্য সকল ইউপি চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন।</td><td>উপজেলা প্রকৌশলী-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>০৯</td><td><u>উপজেলা সমাজসেবা বিভাগ ঃ</u> উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০৪-২৫ অর্থবছরের ৪র্থ কিস্তির পেরোল প্রদান চলমান রয়েছে। ভাতাভোগীগণ যেন কাউকে ওটিপি বা পিনকোড হ্যাকারদের না জানায় সে বিষয়ে সতর্ক থাকার বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। ভাতা প্রতিস্থাপনের তালিকা যে সকল ইউনিয়ন দেয়ানি সেসকল ইউনিয়নের দ্রুত ভাতা প্রতিস্থাপনের তালিকা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার -কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১১</td><td><u>উপজেলা শিক্ষা বিভাগঃ</u> উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। পঞ্চগড় সদর উপজেলার ৫টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ বন্ধ থাকায় শিক্ষার্থীদের খুবই অসুবিধা হচ্ছে। তিনি উক্ত ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ওয়াশব্লক দ্রুত নির্মাণ কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে বিশেষভাবে অনুরোধ জানান।</td><td>উপজেলা শিক্ষা অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১২</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের নিম্নোক্ত মে/২০২৫ মাসের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেনঃ
<table>
<tr><th>ক্র. নং</th><th>কর্মসূচীর নাম</th><th>আদায়ের পরিমাণ</th><th>বিতরণের পরিমাণ</th><th>ঋণী সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>মুল কর্মসূচী</td><td>০.০১</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০২</td><td>আবর্তক</td><td>০.১০</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৩</td><td>সদাবিক</td><td>০.১২</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৪</td><td>পল্লী প্রগতি</td><td>০.০১</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৫</td><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>০.০৪</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৬</td><td>মউ ব্যাংক ঋণ</td><td>১.৭১</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৭</td><td>মউ নিজস্ব তহবিল</td><td>১.৭৬</td><td>০.০০</td><td>০০</td></tr>
<tr><td>০৮</td><td>অপ্রধান শস্য</td><td>৩.৭৫</td><td>৫.১৫</td><td>২১</td></tr>
<tr><td>০৯</td><td>প্রণোদনা ঋণ কোভিড-১৯</td><td>৮.৮০</td><td>৭.২৫</td><td>০৭</td></tr>
<tr><td>১০</td><td>গুচ্ছগ্রাম</td><td>০.০০</td><td>০.০০</td><td>·০০</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>১৬.৩০</td><td>১২.৪০</td><td>২৮</td></tr>
</table>
</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
</table>

<table>
<tr>
<td>১৩</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলছে। তিনি আরো জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে তা কার্যালয়ের মাধ্যমে ভ্রাম্যমান প্রশিক্ষণের আওতায় ১৪টি ব্যাচে ৪২০ জন যুব/যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ১০ জন প্রশিক্ষণপ্রাপ্ত যুবকে ১০ লক্ষ ৪০ হাজার টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অতপর তিনি নিম্নোক্ত প্রতিবেদন সভায় তুলে ধরেন।
<table>
<tr><th>ক্র.নং</th><th>সমবায় সমিতির সংখ্যা</th><th>সাধারণ</th><th>পউবো</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>ক) কেন্দ্রীয়<br>খ) প্রাথমিক</td><td>০৩<br>১৭১</td><td>০১<br>১৫৭</td><td>০৪<br>৩২৮</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>১৭৪</td><td>১৫৮</td><td>৩৩২</td></tr>
<tr><td>২</td><td>সমিতিরি অডিট সম্পাদন<br>ক) কেন্দ্রীয়<br>খ) প্রাথমিক</td><td><br>০২<br>১৬৬</td><td><br>০১<br>১৫৭</td><td><br>০৩<br>৩২৩</td></tr>
<tr><td colspan="2">মোট=</td><td>১৬৮</td><td>১৫৮</td><td>৩২৬</td></tr>
<tr><td>৩</td><td>অডিট সেস (২০২১-২২)</td><td>৩০০৪০.০০</td><td>১৮৯৯০.০০</td><td>৪৯০৩০.০০</td></tr>
<tr><td>৪</td><td>সমবায় উন্নয়ন তহবিল (২০২১-২২)</td><td>৪৭০৪৬.০০</td><td>৫৬৯৬.০০</td><td>৫২৭৪২.০০</td></tr>
<tr><td>৫</td><td>নিবন্ধন ফি(২০২২-২০২৩)</td><td>৯০০.০০</td><td>০০.০০</td><td>৯০০.০০</td></tr>
</table>
<table>
<tr><th>আশ্রয়ন প্রকল্পে নাম</th><th>প্রকল্প হতে ঋণগ্রহণ</th><th>মোট ঋণ দাদন (ক্রমপুঞ্জিভূত)</th><th>আলোচ্য সামে আদায়</th><th>মোট ঋণ আদায় (ক্রমপুঞ্জিভূত)</th><th>আদায়ের হার</th></tr>
<tr><td>হাড়িপুকুরী আশ্রয়ণ প্রকল্প</td><td>৪০০০০০.০০</td><td>৮০০০০০.০০</td><td>০.০০</td><td>৬৯৭১২৮.০০</td><td>৭২%</td></tr>
<tr><td>পানিমাছপুকুরী আশ্রয়ণ প্রকল্প</td><td>২২৫০০০০.০০</td><td>১৩১৫০০০.০০</td><td>০.০০</td><td>১০৬৪৮৬২.০০</td><td>৬৪%</td></tr>
<tr><td>আমলাহার আশ্রয়ন প্রকল্প</td><td>১৪০০০০০.০০</td><td>৮৮০০০০.০০</td><td>৫০০.০০</td><td>২৮৪৪৬০০.০০</td><td>৮৬%</td></tr>
<tr><td>মোট=</td><td>৪০৫০০০০.০০</td><td>২৯৯৫০০০.০০</td><td>৫০০.০০</td><td>৪৬০৫৫৯০.০০</td><td>-</td></tr>
</table></td>
<td>উপজেলা সমবায় অফিসার পঞ্চগড় সদর-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা সমবায় অফিসার</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, টিআর ও কাবিখার সকল কিস্তির বরাদ্দ পাওয়া গেছে। কোন প্রকল্পের কাজ ১০০% সম্পন্ন না হওয়ায় চূড়ান্ত বিল প্রদান করা সম্ভব হয়নি। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে টিআর ও কাবিখার প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। ভিজিএফ চালের বরাদ্দ পাওয়া গেছে। ইউপি চেয়ারম্যানগণকে ভিজিএফ এর ইউনিয়নের তালিকা দ্রুত অত্রাফিসে দাখিলের জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।<br>২) টিআর ও কাবিখার প্রকল্পের কাজ ৩০/০৬/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।</td>
<td>১) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২) সকল ইউপি চেয়ারম্যানগণ</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, পঞ্চগড় সদর উপজেলায় ০৫টি ওয়াসব্লক নির্মাণের জন্য স্থান তালিকা প্রদান করা হয়। স্থান তালিকা অনুযায়ী ঠিকাদারকে সমস্ত সাইট বুঝিয়ে দেওয়া হয়। ০৫টি স্কুলে নভেম্বর/২০২৩ এ কাজ শুরু করলেও অন্যাবধি কাজ শেষ হয়নি। অধিকাংশ স্কুলে পুরাতন টয়লেট ভেংগে ফেলে সাময়িক ব্যবহারের জন্য একটি টয়লেট বানিয়ে দিয়ে কাজ শুরু করা হয়েছিলো। দীর্ঘদিন ধরে কাজ বন্ধ থাকায় এবং কাজের অগ্রগতি সন্তোষজনক না হওয়ায় কোমলমতি শিক্ষার্থীদের অসুবিধার কতা চিন্তা করে বিদ্যালয় কর্তৃপক্ষ এবং উপজেলা শিক্ষা অফিসার দ্রুত কাজ সমাপ্ত করার জন্য প্রতিনিয়তই তাগিত দিচ্ছেন। অত্রাফিস হতে একাধিকবার ঠিকাদারকে তাগিত পত্র দেয়া সত্ত্বেও অদ্যাবধি কাজ সমাপ্ত করেননি। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>১) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।<br>২) ০৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ওয়াসব্লব নির্মাণের কাজের বিষয়ে জেলা কমিটি বরাবরে পত্র প্রেরণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানানো হয়।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা বনবিভাগঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, পঞ্চগড় এসএফএনটিসি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান যে, পঞ্চগড় সদর উপজেলায় গত অর্থবছরে সামাজিক বণায়নের মাধ্যমে সৃজিত ২৩.৮০ কি:মি: ষ্ট্রিপ বাগানে রক্ষণাবেক্ষণ ও শুন্যস্থান পূরণের কাজ অব্যাহত আছে। বর্তমানে বাগানের সার্বিক অবস্থা ভালো। গত ১ মাসের ব্যবধানে পঞ্চগড় সদর উপজেলার চাকলহাট ও গরিনাবাড়ী ইউনিয়নের ভারত সীমান্ত হতে আগত ২টি আগত নীরগাই উদ্ধার করে সেবা ও চিকিৎসা দিয়ে সুস্থ্য করার পর ডুলাহাজরা সাফারি পার্ক, কক্সবাজারে পাঠানো হয়েছে।</td>
<td>ফরেষ্ট রেঞ্জার, পঞ্চগড়-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td>
<td>ভারপ্রাপ্ত কর্মকর্তা, পঞ্চগড় এসএফএনটিসি</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>মহিলা বিষয়ক অধিদপ্তরঃ উপপরিচালন (অঃদাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি আরো জানান যে, ১৪/০৫/২০২৫ তারিখে ২০২৩-২৪ চক্রে ভিডব্লিউবি (পূর্বের ভিজিডি) উপকারভোগীদের মেয়াদ ৬(ছয়) মাস বৃদ্ধি করে চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। ১৪/০৫/২০২৫ তারিখে সদর উপজেলার ১০টি ইউনিয়নে জানুয়ারি/২৫ হতে মে/২০২৫ পর্যন্ত ০৫ মাসের ভিডব্লিউ চাল বিতরণের জিও জারি করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের চক্রের অনলাইনে আবেদনের গতি বৃদ্ধি করার জন্য সকল ইউনিয়নের চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির অনলাইনে আবেদন চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।</td>
<td>উপপরিচালন (অঃদাঃ), মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়।</td>
<td>উপপরিচালন, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>তথ্যসেবা অফিস ঃ তথ্যসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভিন্ন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, উপজেলা তথ্য কেন্দ্রের আওতায় ৭২৫ জন সেবা গ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রে ৩ জন সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। ৩টি ইউনিয়নে যথাক্রমে ৩টি উঠান বৈঠক সম্পন্ন করা হয়েছে। মোট ১৫০ জনকে সেবা প্রদান করা হয়েছে। তথ্যকেন্দ্রে স্বাস্থ্যসেবা, অনলাইন কার্যক্রম ও লাল সবুজ ডট কম এর কাজ চলমান রয়েছে। মোট সেবা গ্রহীতার সংখ্যা ৯১৫ জন।</td>
<td>তথ্যসেবা কর্মকর্তা-কে তার দাপ্তরিক কার্যক্রম যথারীতি সম্পাদনের অনুরোধ জানানো হলো।</td>
<td>তথ্যসেবা কর্মকর্তা</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২০ | **চেয়ারম্যান, অমরখানা ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, অমরখানা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, অমরখানা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান অমরখানা ইউপি |
| ২১ | **চেয়ারম্যান, হাফিজাবাদ ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান হাফিজাবাদ ইউপি |
| ২২ | **চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান পঞ্চগড় সদর ইউপি |
| ২৩ | **চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, কামাত-কাজলদিঘী ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান কামাত কাজলদিঘী ইউপি |
| ২৪ | **চেয়ারম্যান, চাকলাহাট ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, চাকলাহাট ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান চাকলাহাট ইউপি |
| ২৫ | **চেয়ারম্যান, সাতমেরা ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, সাতমেরা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, সাতমেরা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান সাতমেরা ইউপি |
| ২৬ | **চেয়ারম্যান, হাড়িভাসা ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি-কে তার ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান হাড়িভাসা ইউপি |
| ২৭ | **চেয়ারম্যান, ধাক্কামারা ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান ধাক্কামারা ইউপি |
| ২৮ | **চেয়ারম্যান, মাগুড়া ইউনিয়ন পরিষদঃ** চেয়ারম্যান, মাগুড়া ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, মাগুড়া ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান মাগুড়া ইউপি |
| ২৯ | **চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউনিয়ন পরিষদ ঃ** চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি-কে তাঁর ইউনিয়নের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদনের অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান গরিনাবাড়ী ইউপি |

৩০ **(ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যয় অনুমোদন ঃ** সভাপতি জানান যে, এপ্রিল/২০২৫ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের জরুরী কাজে তাৎক্ষনিকভাবে নিস্পত্তির লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নোক্ত ব্যয় হয়েছে।

| ক্রমিক | তারিখ | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| ০১ | ০৬/০৪/২০২৫ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন রংকরণ কাজের ব্যয় বিল প্রদান। | ২৪,৩১০/- |
| ০২ | ০৬/০৪/২০২৫ | জীপগাড়ি মেরামতের ব্যয় বিল প্রদান। | ২৪,৫০০/- |
| ০৩ | ১০/০৪/২০২৫ | প্রশাসক, উপজেলা পরিষদ এর মার্চ/২০২৫ মাসের দায়িত্ব ভাতা প্রদান। | ১,৫০০/- |
| ০৪ | ১০/০৪/২০২৫ | উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের আনুষঙ্গিক ব্যয় বিল প্রদান। | ৫,০০০/- |
| ০৫ | ১০/০৪/২০২৫ | উপজেলা পরিষদের এপ্রিল/২০২৫ মাসের সাধারণ সভাসহ অন্যান্য সভাসমূহের আপ্যায়ন বিল প্রদান। | ৩০,০০০/- |
| ০৬ | ১০/০৪/২০২৫ | বিভিন্ন দিবসে ফুলের ডালা সরবরাহের বিল প্রদান। | ১২,০০০/- |
| ০৭ | ১৫/০৪/২০২৫ | মোঃ সাদ্দাম হোসেনকে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ৫,০০০/- |
| ০৮ | ১৬/০৪/২০২৫ | মোঃ আব্দুল খালেককে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ১০,০০০/- |
| ০৯ | ১৬/০৪/২০২৫ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সিসি ক্যামেরা মেরামত ব্যয় বিল প্রদান। | ৪,৫০০/- |
| ১০ | ১৬/০৪/২০২৫ | উপজেলা পরিষদের মার্চ/২০২৫ মাসের ইন্টারনেট বিল প্রদান। | ৩,৩০০/- |
| ১১ | ১৬/০৪/২০২৫ | মোঃ আবুল কালাম আজাদ কে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ১০,০০০/- |
| ১২ | ১৬/০৪/২০২৫ | উপজেলা পরিষদের ১টি প্রিন্টার মেরামতের বিল প্রদান। | ৪,৫০০/- |
| ১৩ | ২৪/০৪/২০২৫ | উপজেলা পরিষদ মেইন গেট নির্মাণ প্রকল্পের জামানত ফেরৎ প্রদান। | ১,০৩,৪৩৭/- |
| ১৪ | ২৪/০৪/২০২৫ | মোছাঃ অনন্যা মিসবা কে বই ক্রয়ের জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৫,৬৫০- |
| ১৫ | ২৪/০৪/২০২৫ | উপজেলা পরিষদ হলরুমের সাউন্ড সিস্টেম ও ইন্টিরিয়র কাজের চূড়ান্ত বিল প্রদান। | ৭,৭০,৬৪০/- |
| ১৬ | ২৪/০৪/২০২৫ | উক্ত কাজের ভ্যাট জমা প্রদান। | ১,৪৮,২০০/- |
| ১৭ | ২৪/০৪/২০২৫ | উক্ত কাজের আয়কর জমা প্রদান। | ৬৯,১৬০/- |
| ১৮ | ২৭/০৪/২০২৫ | মোঃ পিয়ার আলী কে অপ্রত্যাশিত খাত হতে চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান। | ৩,০০০/- |
| ১৯ | ২৮/০৪/২০২৫ | সুজিনা কে অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সাহায্য প্রদান। | ৩,০০০/- |
| ২০ | ২৮/০৪/২০২৫ | উপজেলা পরিষদ হাসনাহেনা-১ কোয়ার্টারের পানির লাইন মেরামত কাজের ব্যয় বিল প্রদান। | ২,৪০০/- |

তিনি বলেন, যেহেতু উপজেলা পরিষদ কার্যালয়ের জরুরী কাজ তাৎক্ষনিকভাবে নিস্পত্তির লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপরোক্ত ব্যয় হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতভাবে উপরোক্ত ব্যয় অনুমোদন করা হয়। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়-কে অনুরোধ জানানো হয়।

**বিবিধ (খ) ঃ এডিপি'র অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন ঃ** সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ০৭/০৫/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪(অংশ-১)-১১৫৩ নং স্মারক পত্রটি পাঠ করে শোনানো হয়। বর্ণিত পত্রে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (এডিপি) এর চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস, বাসা-বাড়ী, গ্যারেজ, অভ্যন্তরীন ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামতের লক্ষ্যে ৪০.০০ (চল্লিশ) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দ পত্রের ৪ নং ক্রমিকের শর্তাবলীর মধ্যে আগামী ৩০/০৬/২০২৫ তারিখের মধ্যে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এ প্রসঙ্গে উপজেলা প্রকৌশলী, এলজিইডি বলেন যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৫ উপলক্ষ্যে কর্মদিবসে ছুটি বেশী থাকায় উল্লিখিত বরাদ্দকৃত অর্থের উন্মুক্ত/এলটিএম টেন্ডার প্রক্রিয়া করা সম্ভব হচ্ছে না। কারণ টেন্ডার প্রক্রিয়া অনুসরণ করে ৩০ জুন, ২০২৫ তারিখের সময়সীমার মধ্যে কার্য সম্পাদন করা সম্ভব হবে না এবং অর্থ বরাদ্দটি ফেরৎ যাবে। সেজন্য তিনি আরএফকিউ পদ্ধতিতে উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করেন। যা নিম্নরূপ ঃ

| ক্রমিক | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ০১ | অফিসার্স ক্লাবের ছাদ নির্মাণ। | ১০,০০,০০০/- | টেন্ডার (RFQ) |
| ০২ | (ক) উপজেলা পরিষদ জামে মসজিদের দোতলার ইটের গাথনির ওয়াল নির্মাণ, (খ) উপজেলা পরিষদ পুকুরের উত্তর ও দক্ষিণ পার্শ্বে ব্লক নির্মাণ। | ১০,০০,০০০/- | টেন্ডার (RFQ) |
| ০৩ | (ক) উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস হতে মসজিদ পর্যন্ত রাস্তা সিসিকরণ, (খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে কৃষি অফিস হতে নির্বাচন অফিস পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ। | ১০,০০,০০০/- | টেন্ডার (RFQ) |
| ০৪ | (ক) পুরাতন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও শাপলা ভবন মেরামতকরণ, (খ) উপজেলা পরিষদের গেইট নির্মাণ (মসজিদ মার্কেট সংলগ্ন)। | ১০,০০,০০০/- | টেন্ডার (RFQ) |

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

বর্ণিত প্রকল্প ০৪টি বিধি মোতাবেক টেন্ডারের (RFQ) মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি -কে অনুরোধ জানানো হয়।

উপজেলা প্রকৌশলী, এলজিইডি

**বিবিধ (গ) ঃ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন ঃ** সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের জন্য ০১টি প্রিন্টার, ০১টি টেবিল ও ০১টি চেয়ার ও উপজেলা পরিষদ হলরুমের টেবিল ক্রয় এবং উপজেলা পরিষদের পুরাতন কমপ্লেক্স ভবন হতে নতুন কমপ্লেক্স ভবনের সিসি ক্যামেরা স্থানান্তর এবং নতুন সিসি ক্যামেরা স্থাপন করা জরুরী। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়ন হতে নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উপস্থাপন করা হয়।

| ক্রমিক | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | বাস্তবায়নের ধরণ |
|---|---|---|---|
| ০১, | উপজেলা পরিষদের জন্য ০১টি প্রিন্টার, ০১টি টেবিল ও ০১টি চেয়ার সরবরাহকরণ। | ১,০০,০০০/- | টেন্ডার (RFQ) |
| ০২ | উপজেলা পরিষদ হলরুমের জন্য টেবিল সরবরাহকরণ। | ১,৮২,০০০/- | টেন্ডার (RFQ) |
| ০৩ | উপজেলা পরিষদের পুরাতন কমপ্লেক্স ভবন হতে নতুন কমপ্লেক্স ভবনের সিসি ক্যামেরা স্থানান্তর এবং নতুন সিসি ক্যামেরা স্থাপনকরণ | ২,৪৫,০০০/- | টেন্ডার (RFQ) |

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত কমিটির মাধ্যমে বর্ণিত ০৩টি প্রকল্প আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**প্রকল্প বাস্তবায়ন কমিটিঃ**

| ক্রঃ | নাম ও পদবী | কমিটির অবস্থান |
|---|---|---|
| ০১ | মোঃ জিয়াউর রহমান, উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা, পঞ্চগড় | আহ্বায়ক |
| ০২ | মোঃ আশরাফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড় সদর | সদস্য |
| ০৩ | সুজন চন্দ্র দাস, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পঞ্চগড় সদর | সদস্য |

বর্ণিত প্রকল্প ০৩টি বিধি মোতাবেক টেন্ডারের (RFQ) মাধ্যমে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গঠিত কমিটি -কে অনুরোধ জানানো হয়।

প্রকল্প বাস্তবায়ন কমিটি

**বিবিধ (ঘ) ঃ উপজেলা পরিষদ চত্বরে আবাসিক ভবন নির্মাণ সংক্রান্ত ঃ** সভায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের গত ২০/০১/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৪-৩৫৫ নং স্মারক পত্রটি পাঠ করে শোনানো হয়। বর্ণিত পত্রে উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য ভবন নির্মাণের তথ্য চেয়েছেন। উপজেলা প্রকৌশলী, এলজিইডি বলেন যে, পঞ্চগড় সদর উপজেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বসবাসের জন্য মোট ৫টি দোতলা ভবন রয়েছে। উক্ত ৫টি ভবনের মধ্যে ০৩টি মেরামত করে ব্যবহার উপযোগী করা হয়েছে। অপর ২টি ভবন হাসনাহেনা ও শাপলা মেরামত উপযোগী নয়। এ দু'টি ভবন অত্যান্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। ভবন দু'টি জরুরী ভিত্তিতে কনডেম ঘোষণা করে ভেঙ্গে ফেলা প্রয়োজন। উল্লেখ্য, পঞ্চগড় সদর উপজেলা পরিষদটি জেলা সদরের সন্নিকটে অবস্থিত হওয়ায় এখানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বাসা ভাড়ার চাহিদা অনেক বেশী। এ উপজেলায় ৮ তলা ভবন নির্মাণ করা হলে কর্মকর্তা ও কর্মচারীদের আবাসন ব্যবস্থা নিশ্চিত হবে পাশাপাশি উপজেলা পরিষদের রাজস্ব আয় অনেকংশে বৃদ্ধি পাবে। এছাড়া কর্মকর্তা ও কর্মচারীগণ পরিষদ চত্বরে অবস্থান করলে কাজের গতি অনেকাংশে বৃদ্ধি পাবে।

বর্ণিত স্থানে ০১টি ০৮ তলা আবাসিক ভবন নির্মাণের নিমিত্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে অনুরোধ জানানো হয়।

উপজেলা নির্বাহী অফিসার

**বিবিধ (ঙ) ঃ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব) এর অর্থায়নে প্রকল্প গ্রহণ ঃ** সভায় জানানো হয় যে, পঞ্চগড় সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্টীল আলমারী সরবরাহ করা, গরীব ও অসহায় কৃষকদের মাঝে স্প্রে-মেশিন সরবরাহ ও প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা জরুরী। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত সংস্কার কাজটি জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (রাজস্ব) এর অর্থায়নে নিম্নোক্ত প্রকল্প গ্রহণের অনুরোধ জানান।

**উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর অর্থায়নে পিআইসি'র মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পঃ**

| ক্রমিক | প্রকল্পে নাম | প্রাক্কলিত মূল্য | প্রকল্প কমিটি |
|---|---|---|---|
| ০১ | পঞ্চগড় সদর উপজেলার অমরখানা, হাফিজাবাদ, পঞ্চগড় সদর, কামাত কাজলদিঘী ও চাকলাহাট ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্টীল আলমারি সরবরাহ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ সাইদুল ইসলাম, ইউপি সদস্য, অমরখানা ইউপি — প্রঃ চেয়ারম্যান<br>২) প্রধান শিক্ষক, সালমেরা ভিতরগড় উচ্চ বিদ্যালয় — সচিব<br>৩) প্রধান শিক্ষক, পঞ্চগড় মডেল স্কুল এন্ড কলেজ — সদস্য<br>৪) প্রধান শিক্ষক, ব্যারিস্টার জমির উদ্দিন সরকার কলেজিয়েট ইন্সটিটিউট — সদস্য<br>৫) প্রধান শিক্ষক, টুনিরহাট আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় — সদস্য |
| ০২ | পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা, হাড়িভাসা, ধাক্কামারা, মাগুড়া ও গরিনাবাড়ী ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্টীল আলমারি সরবরাহ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোঃ মোজাহারুল হক, ইউপি সদস্য, ধাক্কামারা ইউপি — প্রঃ চেয়ারম্যান<br>২) প্রধান শিক্ষক, কমলাপুর উচ্চ বিদ্যালয় — সচিব<br>৩) সুপার, জমিরননেছা দাখিল মাদ্রাসা — সদস্য<br>৪) সুপার, আমলাহার দাখিল মাদ্রাসা — সদস্য<br>৫) সুপার, হাড়িভাসা দারুচ্ছন্নাত দাখিল মাদ্রাসা — সদস্য |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | পঞ্চগড় সদর উপজেলার গরীব ও অসহায় কৃষকদের মাঝে স্প্রে-মেশিন সরবরাহ প্রকল্প। | ২,০০,০০০/- | ১) মোছাঃ মালেকা আক্তার, ইউপি সদস্য, গরিনাবাড়ী ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) উপ-সহকারী কৃষি কর্মকর্তা, ধাক্কামারা ইউপি | সচিব |
| | | | ৩) উপ-সহকারী কৃষি কর্মকর্তা, পঞ্চগড় সদ ইউপি | সদস্য |
| | | | ৪) উপ-সহকারী কৃষি কর্মকর্তা, চাকলাহাট ইউপি | সদস্য |
| | | | ৫) উপ-সহকারী কৃষি কর্মকর্তা, গরিনাবাড়ী ইউপি | সদস্য |
| ০৪ | পঞ্চগড় সদর উপজেলার গরীব ও অসহায় প্রতিবন্ধী ব্যক্তিদের মাঝে হুইল চেয়ার বিতরণ প্রকল্প। | ১,০০,০০০/- | ১) আফসানা আক্তার, ইউপি সদস্য, মাগুড়া ইউপি | প্রঃ চেয়ারম্যান |
| | | | ২) সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা, পঞ্চগড় সদর | সচিব |
| | | | ৩) উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি | সদস্য |
| | | | ৪) উপজেলা মহিলা বিষয়ক অফিসারের প্রতিনিধি | সদস্য |
| | | | ৫) মোঃ রফিকুল ইসলাম, কার্য সহকারী, এলজিইডি, পঞ্চগড় সদর | সদস্য |

উপরোক্ত প্রকল্পগুলো প্রকল্প কমিটিকে দ্রুত বাস্তবায়নের জন্য সভার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | | |
|---|---|---|---|
| ৩২ | **প্রশাসক, উপজেলা পরিষদ ঃ** প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানান।<br><br>অতঃপর তিনি আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৫ এ ঈদ আনন্দের নামে উচ্চস্বরে রাস্তার পাশে গান বাজানো, পিকআপে চড়ে সাউন্ড সিস্টেম নিয়ে হৈ-হুল্লোড়, হেলমেটবিহীন অবস্থায় দ্রুতগতিতে মোটরসাইকেল চালানো, যান নানা ধরনের অযাচিত/অনাকক্ষিত ঘটনা এবং দুর্ঘটনার জন্ম দেয়। জনসাধাররণকে এসব কর্মকান্ড থেকে সকলকে বিরত থাকার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ১) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানানো হয়।<br>২) ঈদ-উল-আযহা/২০২৫ এ ঈদ আনন্দের নামে উচ্চস্বরে রাস্তার পাশে গান বাজানো, পিকআপে চড়ে সাউন্ড সিস্টেম নিয়ে হৈ-হুল্লোড়, হেলমেট বিহীন অবস্থায় দ্রুতগতিতে মোটরসাইকেল চালানো থেকে বিরত থাকার বিষয়ে জনসাধারণকে উৎসাহিত করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | সকল দপ্তর প্রধান ও সকল চেয়ারম্যান |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা
পঞ্চগড় সদর, পঞ্চগড়

## উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ০৫.৪৭.৭৭৭৩.০০০.০৬.০০৩.২২- ৫৯২

তারিখ ঃ ০১ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ
১৫ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার,পঞ্চগড়।

**অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ**

০১। উপজেলা........................................... অফিসার (সকল),পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান........................................... ইউপি (সকল),পঞ্চগড় সদর।

(মোঃ জাকির হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
পঞ্চগড় সদর, পঞ্চগড়
☏০২৫৮৯৯৪২০৩২
e-mail: unopanchagarh@mopa.gov.bd

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "ক") (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম/পদবী | স্বাক্ষরিত/- |
|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, অমরখানা ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০২। | চেয়ারম্যান, হাফিজাবাদ ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৩। | চেয়ারম্যান, পঞ্চগড় সদর ইউপি, পঞ্চগড় | ,, |
| ০৪। | চেয়ারম্যান, কামাত কাজলদিঘী , পঞ্চগড় সদর | ,, |
| ০৫। | চেয়ারম্যান, চাকলাহাট ইউপি ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৬। | চেয়ারম্যান, সাতমেরা ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৭। | চেয়ারম্যান, হাড়িভাসা ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৮। | চেয়ারম্যান, ধাক্কামারা ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ০৯। | চেয়ারম্যান, মাগুড়া ইউপি, পঞ্চগড় সদর | ,, |
| ১০। | চেয়ারম্যান, গরিনাবাড়ী ইউপি, পঞ্চগড় সদর | ,, |

## সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "খ") (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম/পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর | স্বাক্ষরিত |
| ০২। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ০৩। | উপজেলা কৃষি অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ০৪। | উপজেলা প্রাণীসম্পদ অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগ | ,, |
| ০৫। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড় | ,, |
| ০৬। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | ,, |
| ০৭। | উপজেলা প্রকৌশলী, পঞ্চগড় সদর,পঞ্চগড় | ,, |
| ০৮। | উপজেলা সমাজসেবা অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ০৯। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,পঞ্চগড় সদর,পঞ্চগড় | ,, |
| ১০। | উপজেলা শিক্ষা অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ১১। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ১২। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,পঞ্চগড় সদর | ,, |
| ১৩। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ১৪। | উপজেলা সমবায় অফিসার, পঞ্চগড় সদর | ,, |
| ১৫। | উপঃ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), পঞ্চগড় সদর,পঞ্চগড় | ,, |
| ১৬। | তথ্যসেবা কর্মকর্তা, পঞ্চগড় সদর, পঞ্চগড় | ,, |

## সভায় অনুপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (পরিশিষ্ট "গ")

| ক্রমিক নং | নাম/পদবী |
|---|---|